

পরীক্ষিত পাট বীজ চাষিদের দিতে রাজ্যকে আর্জি স্মৃতির

এই সময়: সারা বিশ্বে পাট উৎপাদনে ভারত শীর্ষে। কিন্তু, পাটজাত নানাবিধ সামগ্রী এবং হস্তশিল্পে বাংলাদেশ এখন ভারতের থেকে অনেক এগিয়ে। ভারতকে এ ক্ষেত্রেও আন্তর্জাতিক বাজারে শীর্ষে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা রেখেছে কেন্দ্রীয় সরকার। সেই লক্ষ্য পূরণেই বৃহস্পতিবার কলকাতায় কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী স্মৃতি ইরানি সরকারি ভাবে পরীক্ষিত পাটের বীজ চাষিদের দিতে রাজ্য সরকারকে এগিয়ে আসার আর্জি জানান।

এ দিন বণিকসভা এমসিসিআই আয়োজিত এক অনুষ্ঠানে মন্ত্রী বলেন; 'ভারত বিশ্বের বৃহত্তম পাট উৎপাদনকারী দেশ। কিন্তু, উন্নতমানের পাট উৎপাদন ক্ষেত্রে বাংলাদেশ আমাদের থেকে এগিয়ে। সে কারণে, পাটজাত বিভিন্ন পণ্য ক্ষেত্রে ভারত পিছিয়ে। উন্নতমানের পাট উৎপাদনের জন্য ন্যাশনাল জুট বোর্ড বিভিন্ন সরকারি এজেন্সির মাধ্যমে নথিভুক্ত চাষিদের ৫০ শতাংশ ভর্তুকিতে সরকারি ভাবে পরীক্ষিত পাটের বীজ বণ্টন করছে। রাজ্য সরকারের কাছে আমার আবেদন তারাও এ কাজে এগিয়ে আসুক। সে ক্ষেত্রে ভারত বিভিন্ন পাটজাত সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে বিশ্বে এক নম্বর হবে।'

গত মরসুমে ন্যাশনাল জুট বোর্ড বিভিন্ন সরকারি এজেন্সির মাধ্যমে প্রায় ১০০ টন পাটের বীজ চাষিদের বণ্টন করেছিল। কেন্দ্রের আইকেয়ার নামে একটি প্রকল্পের আওতায় বীজ বণ্টন করা হয়। এই বীজ ব্যবহার করলে উন্নতমানের পাট উৎপাদন সম্ভব। সে ক্ষেত্রে পাটের সুন্দর তত্ত্ব থেকে চটের বিলাসবহুল পণ্য উৎপাদন করা সম্ভব হবে।

অন্য দিকে, এক নির্দিষ্ট প্রণেয় উত্তরে স্মৃতি জানিয়েছেন, 'ভারতীয় তাঁতের দৈর্ঘ্য অনুযায়ী শ্রেডিং করার চেষ্টা করছে কটন কর্পোরেশন অফ ইন্ডিয়া। তাঁর মতব্য, 'আমরা বিশ্বাস করি ভারতীয় তাঁত ইজিপ্সিয়ান কটনের থেকে গুণমানের ক্ষেত্রে অনেক এগিয়ে। তাই আমরা ভারতীয় তাঁতকে বিশ্ব ব্র্যান্ড হিসাবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছি। কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রক এটা করবে।'

Smriti urges State Govt. to give certified jute seeds to farmers

India is foremost in cultivation of jute, yet Bangladesh is ahead in various handicrafts and diversified jute products. Central Govt. is determined to carry Indian jute to the forefront in the global market. In this context on Thursday at Kolkata Union Textile Minister Smt. Smriti Irani urged the State Govt. to come forward in the distribution of certified jute seeds to farmers.

Addressing a merchants conference organized by MCCI the Minister said that India is the largest cultivator of jute whereas Bangladesh is ahead in production of superior quality jute. For this reason India lags in manufacture of superior variety of diversified jute products. To encourage superior quality jute fibre National Jute Board undertakes the distribution of certified jute seeds to its registered farmers at 50% subsidy through its various associated Govt. agencies. Thus we urge the State Govt. to come forward so as to allow Indian Jute diversified products to become a lead player in the World market.

Last season the National Jute Board through various Govt. agencies distributed nearly 900 M.T of certified jute seeds under the ICARE programme. Use of such certified seeds can enable production of superior variety of jute fibre. This in turn can make way for fine yarn and thereby production of fancy and exquisite jute products.

Answering to a question Smt. Smriti Irani inform that new mechanism of grading Indian yarn is being tried by Cotton Corporation of India. We believe that through such mechanism Indian yarn could be become better than Egiptian Cotton in many respects. We want Indian textile be established has a brand of repute in the world. Union Commerce Ministry will help in realizing this.

Translated from publication in
"Eisomoy" daily dated 01.06.18